

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 12.11.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দার্জিলিং-এ GTA সদস্য ও বিভিন্ন উন্নয়ন পর্ষদের চেয়ারম্যানদের সঙ্গে বৈঠক করবেন।
- ২/ রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ আজ শুরু হচ্ছে। চলবে ১২ ই ডিসেম্বর পর্যন্ত।
- ৩/ রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে আগামীকাল ভোটগ্রহণ। এর জন্য শেষ মুহূর্তের প্রস্তুতি চলেছে জোরকদমে।
- ৪/ NIA, আল-কায়দা যোগ সন্দেহে রাজ্যের বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চালিয়েছে।
- ৫/ আবাস যোজনা প্রকল্পে বিতর্ক এড়াতে ১১ দফা নির্দেশিকা জারি করেছে রাজ্য সরকার।
- ৬/ বাংলা, অনুর্ধ্ব-২৩ সি কে নাইডু ট্রফি ক্রিকেটে বিদর্ভকে হারিয়ে দিয়েছে।

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দার্জিলিং-এ GTA সদস্য ও বিভিন্ন উন্নয়ন পর্ষদের চেয়ারম্যানদের সঙ্গে বৈঠক করবেন।

আগামীকাল দার্জিলিং-এর চৌরাস্তায় ‘সরস মেলা’র উদ্বোধন করার কর্মসূচী রয়েছে তাঁর।

বৃহস্পতিবার (১৪ তারিখ) মুখ্যমন্ত্রী শিলিঙ্গড়ি যাবেন। সেখানেও তাঁর বেশ কিছু কর্মসূচী রয়েছে।

উল্লেখ্য, উত্তরবঙ্গ সফরে গতকালই তিনি বাগড়োগরা পৌঁছন। বিমানবন্দরে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী বলেন, শুধুমাত্র এরাজ্যেই মহিলাদের জন্য মাসে মাসে লক্ষ্মীর ভান্ডারের টাকা দেওয়া হয়। মহারাষ্ট্রে লক্ষ্মীর ভাণ্ডার নিয়ে যে প্রচার করা হচ্ছে তা ঠিক নয় বলে তিনি মন্তব্য করেন।

মুখ্যমন্ত্রীর সঙ্গে সফরে রয়েছেন মন্ত্রী অরূপ বিশ্বাস, উদয়ন গুহ-সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ আজ শুরু হচ্ছে। চলবে ১২ ই ডিসেম্বর পর্যন্ত। এই এক মাস শনি ও রবিবার বিশেষ প্রচার চালানো হবে। তালিকা সংশোধনের আগে মুখ্য নির্বাচনী আধিকারিক উক্তির আরিজ আফতাব গতকাল স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের নিয়ে সর্বদলীয় বৈঠক করেন। রাজ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে ঐ বৈঠকে সব রাজনৈতিক দলের প্রতিনিধিরাই অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণের লক্ষ্যে নির্ভুল ভোটার তালিকা তৈরির ওপর গুরুত্ব দেন। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী বছর ৫ই জানুয়ারি।

উল্লেখ্য, নির্বাচন কমিশন সংশোধিত তালিকা থেকে মৃত ভোটারদের নাম সম্পূর্ণ বাদ দেওয়া এবং একই ভোটারের নাম যাতে একাধিক জায়গার তালিকায় না থাকে, সেব্যাপারে সতর্ক করে দিয়েছে। ২০২৫-এর পয়লা জানুয়ারি যাদের বয়স ১৮ হবে, তারাও এবার ভোটার তালিকায় নাম তুলতে পারবেন বলে কমিশন সূত্রে জানা গেছে।

\*\*\*\*\*

রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে আগামীকাল ভোটগ্রহণ। এর জন্য শেষ মুহূর্তের প্রস্তুতি চলেছে জোরকদমে।

কোচবিহারের সীতাই, আলিপুরদুয়ারের মাদারিহাট, উত্তর ২৪ পরগনার নৈহাটি ও হাড়োয়া, পশ্চিম মেদিনীপুরের মেদিনীপুর এবং বাঁকুড়ার তালডাঙ্গা বিধানসভা কেন্দ্রের ১৫ লক্ষ ২২ হাজারেরও বেশি ভোটদাতা ৪২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। মেদিনীপুর, মাদারিহাট ও নৈহাটি কেন্দ্রে পুরুষদের তুলনায় মহিলা ভোটদাতার সংখ্যা বেশি।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। মোট ১০৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি সমসংখ্যক কুয়াইক রেসপন্স টিম ও রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী মোতায়েন করা হচ্ছে। ১০০ শতাংশ বুথেই থাকছে ওয়েব কাস্টিং-এর ব্যবস্থা।

একটি প্রতিবেদন-

(ভিসি- অভিরূপ)

\*\*\*\*\*

আল-কায়দা যোগ সন্দেহে রাজ্যের বেশ কয়েকটি জায়গায় তল্লাশি চালিয়েছে NIA।

কোচবিহারের হলদিবাড়ির ধারানগরে বিশ্বজিৎ বর্মণ নামে এক ব্যক্তির বাড়িতে গতকাল হানা দেন NIA -র আধিকারিকরা। বাইরে ছিল কেন্দ্রীয় বাহিনী। ঐ যুবক বাড়ি না থাকায় তার মা-কে প্রায় ৩ ঘন্টা জিজ্ঞাসাবাদ করা হয় বলে সূত্রের খবর।

জলপাইগুড়ির ফুলবাড়িতে এক ব্যক্তিকে দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করা হয়। প্রসাধন সামগ্রী বিক্রেতা ঐ ব্যক্তি এক বছর ধরে সেখানে ভাড়া থাকেন। তার আধার, মোবাইল সহ অন্যান্য নথিপত্র খতিয়ে দেখা হয়।

এছাড়াও, মধ্য কলকাতার ক্যান্টোফার লেনের একটি বাড়িতে অভিযান চালানো হয়।

ଆଲକାୟଦା ଗୋଷ୍ଠୀକେ ମଦତ ଏବଂ ଅର୍ଥସହାୟତାର ଅଭିଯୋଗ ଉଠେଛେ ସନ୍ଦେହଭାଜନ ଓଇ ବ୍ୟକ୍ତିଦେର ବିରଳଦ୍ୱେ । ତଙ୍ଗାଶିତେ ଉଦ୍ଧାର ହେଁବେ ବେଶ କିଛୁ ଅବୈଧ କାଗଜପତ୍ର, ମୋବାଇଲ ଫୋନ ସହ ଅନ୍ୟାନ୍ୟ ଡିଜିଟାଲ ଯନ୍ତ୍ରପାତି । ମୂଳତ ଟାକା ପଯସା ଲେନଦେନେର ବ୍ୟାଙ୍କ ଅୟକାଉନ୍ଟ ସଂକ୍ରାନ୍ତ ତଥ୍ୟ ଆଧିକାରିକଦେର ହାତେ ଏସେଛେ ।

\*\*\*\*\*

ବିଧାନସଭାର ଆସନ୍ ଅଧିବେଶନେ କେନ୍ଦ୍ରେ କେନ୍ଦ୍ରେ ‘ଓୟାକଫ ବିଲେ’ର ବିରୋଧିତା କରେ କୋଣୋ ପ୍ରତ୍ନାବ ଆସଲେ, ତା’ ନିୟେ ଆଲୋଚନା ହତେ ପାରେ ବଲେ ଅଧ୍ୟକ୍ଷ ବିମାନ ବନ୍ଦ୍ୟୋପାଧ୍ୟାୟ ଜାନିଯେଛେ ।

ସାଂବାଦିକଦେର ଗତକାଳ ତିନି ବଲେନ, ବିଧାନସଭାର କାର୍ଯ୍ୟ ଉପଦେଷ୍ଟା କମିଟିର ବୈଠକେ ଏହି ବିଷୟେ ଚୂଡ଼ାନ୍ତ ସିଦ୍ଧାନ୍ତ ନେଇଯା ହବେ । ୨୬ ତାରିଖ ‘ସଂବିଧାନ ଦିବସ’ ଉପଲକ୍ଷ୍ୟ ତା ନିୟେ ଆଲୋଚନା ହବେ ବଲେଓ ତିନି ଜାନାନ ।

ଉଲ୍ଲେଖ୍ୟ, ଆଗାମୀ ୨୫ଶେ ନଭେମ୍ବର ରାଜ୍ୟ ବିଧାନସଭାର ଅଧିବେଶନ ଶୁରୁ ହଚେ ।

\*\*\*\*\*

ଆବାସ ଯୋଜନା ପ୍ରକଳ୍ପେ ବିତର୍କ ଏଡ଼ାତେ ଏବଂ ତାଲିକା ଯାଚାଇ ପ୍ରକ୍ରିୟା ସୁର୍ତ୍ତଭାବେ ସମ୍ପନ୍ନ କରତେ ରାଜ୍ୟ ସରକାର ୧୧ ଦଫା ନିର୍ଦ୍ଦେଶିକା ଜାରି କରେଛେ । ପଞ୍ଚାଯେତ ଦଶ୍ତରେର ତରଫେ ଜାରି କରା ଏହି ନିର୍ଦ୍ଦେଶିକାଯ ବଲା ହେଁବେ, ଅଭିଯୋଗ ନିଷ୍ପତ୍ତି ସେଲେ ଜମା ପଡ଼ା ସବ ଅଭିଯୋଗ ଗୁରୁତ୍ୱ ସହକାରେ ଖତିଯେ ଦେଖିବା ହବେ । ଯୋଗ୍ୟ ବ୍ୟକ୍ତିରା ଯାତେ ବନ୍ଧିତ ନା ହନ, ତାଇ ବାତିଲ ହେଁଯା ନାମେର ତଥ୍ୟ ପୁନରାୟ ସରେଜମିନେ ପରୀକ୍ଷାର କଥା ବଲା ହେଁବେ । ପ୍ରାପକଦେର ନାମ, ବ୍ୟାଙ୍କ ଅୟକାଉନ୍ଟ ନମ୍ବର ଓ ଆଇଡି-ସହ ସମସ୍ତ ତଥ୍ୟ ନଥିଭୁକ୍ତ କରାର ସମୟ ବିଶେଷ ଯତ୍ନ ନିତେ ହବେ । ପ୍ରାକୃତିକ ଦୁର୍ଘାଗେ କ୍ଷତିଗ୍ରାହକର ବାଡ଼ିର ତାଲିକା ତୈରି କରତେ ହବେ ବିପର୍ଯ୍ୟ ମୋକାବିଲା ଦଶ୍ତରେ ନିର୍ଦ୍ଦେଶିକା ମେନେ । ଏବ୍ୟାପାରେ ମାନୁଷକେ ସଚେତନ କରତେ ପର୍ଯ୍ୟନ୍ତ ପ୍ରଚାର ଚାଲାତେ ବଲା ହେଁବେ । ଗ୍ରାମ ସଭା ଓ ଝଳକ ଲେଭେଲ କମିଟିର ଅନୁମୋଦନ ସହ ସବ ନାମ ଯଥାୟଥଭାବେ ସଂରକ୍ଷନ୍ତ କରତେ ହବେ । ନାମେର ତାଲିକା ଯାଚାଇଯେର ପର ସବ ତଥ୍ୟ ଏବଂ ସୁବିଧାପ୍ରାପକଦେର ନାମ

তালিকায় রাখা ও বাতিলের সমর্থনে ছবি ও ভিডিও সংগ্রহ করে রাখার কথাও নির্দেশিকায় রয়েছে।

উল্লেখ্য, তালিকা যাচাই নিয়ে রাজ্য সরকারের মান্য কার্যবিধি- SOP অনুযায়ী আগামী বৃহস্পতিবার ক্রস চেকিং এর পর ২০ তারিখ উপভোক্তাদের প্রাথমিক তালিকা প্রকাশ করার কথা।

\*\*\*\*\*

‘তরুণের স্বপ্ন’ প্রকল্পে ছাত্র ছাত্রীদের ট্যাবের টাকা নিয়ে বেনিয়মের ঘটনায় স্কুলের প্রধান শিক্ষকদের গাফিলতিকেই দায়ী করেছে রাজ্য সরকার।

পড়ুয়াদের ট্যাব কেনার জন্য প্রদেয় অর্থ অন্য একাউন্টে চলে যাওয়া, একই একাউন্টে দুবার টাকা ঢেকা সহ বিভিন্ন জেলা থেকে আসা একাধিক অভিযোগের প্রেক্ষিতে মুখ্যসচিব মনোজ পঙ্ক্ত নবান্নে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার, স্কুল শিক্ষা দপ্তরের সচিব বিনোদ কুমার সহ অন্য আধিকারিকদের সঙ্গে গতকাল বৈঠক করেন। সরকারিভাবে বৈঠক নিয়ে কিছু না জানানো হলেও মুখ্যসচিব এই ঘটনায় অভিযুক্ত প্রধান শিক্ষকদের বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছেন বলে খবর। আগামী দিনে এই ধরনের ঘটনা রূঢ়তে সমগ্র ব্যবস্থার আধুনিকীরণ এবং আধার সংযুক্ত ব্যাংক একাউন্টেই টাকা পাঠানোর কথাও বলা হয়েছে।

বিভিন্ন সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের তিনশোর বেশি পড়ুয়া ট্যাব কেনার টাকা পাননি বলে জেলা বিদ্যালয় পরিদর্শকদের পাঠানো রিপোর্টের ভিত্তিতে উদ্বিগ্ন শিক্ষা দপ্তর পুনরায় প্রতিটি জেলাকে নতুন করে নাম যাচাই-এর নির্দেশ দিয়েছে। বিদ্যালয় বা দায়িত্বপ্রাপ্ত এজেন্সির ভূমিকা এবং তদন্তের অগ্রগতির রিপোর্ট পাঠানোরও নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব।

এদিকে, বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেছেন, ট্যাবের টাকা আসলে নয়চয় হয়েছে। এই ঘটনার তদন্তের দাবি জানিয়েছেন তিনি।

(বাইট- দিলীপ ঘোষ )

ছাত্রছাত্রীদের ট্যাবের টাকা নিয়েও যারা দুর্নীতি করছেন, মানুষ তাঁদের কখনই ক্ষমা করবেন না বলে সিপিআইএম -এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

(বাইট- সুজন )

তৃণমূল কংগ্রেস নেতা কুণ্ডল ঘোষ দুর্নীতির অভিযোগ খারিজ করে বলেছেন, বিরোধীরা এখন সমালোচনার নতুন ইস্যু পেয়েছেন।

\*\*\*\*\*

এদিকে, অন্য অ্যাকাউন্টে চলে যাওয়া ট্যাবের টাকা, ফেরত পেয়েছেন বর্ধমানের সিএমএস হাইস্কুলের ২৮ জন পড়ুয়া।

ওই স্কুলের একাদশ ও দ্বাদশ শ্রেণীর ৪১২ জন শিক্ষার্থী ট্যাবের টাকার জন্য নির্দিষ্ট পোর্টালে আবেদন জানান। কিন্তু বাকিরা টাকা পেলেও ওই ২৮ জনের বরাদ্দ টাকা অন্য একাউন্টে চলে যায় বলে অভিযোগ।

অভিযোগ দায়ের হয় সাইবার থানায়। মুখ্যমন্ত্রীও বিষয়টি খতিয়ে দেখার নির্দেশ দেন।

\*\*\*\*\*

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের মশাগ্রাম স্টেশনের সঙ্গে দক্ষিণ পূর্ব রেলের সংযোগ সহ নতুন ইলেকট্রনিক ইন্টারলকিং স্থাপন এবং ইয়ার্ড রিমডেলিং-এর জন্য হাওড়া - বর্ধমান কর্ড লাইনের আপ, ডাউন ও রিভার্স লাইনে সিগন্যালিং-এর কাজ চলবে।

এর ফলে আগামী বৃহস্পতিবার থেকে রবিবার পর্যন্ত হাওড়া ডিভিশনে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। বেশ কিছু মেল এক্সপ্রেস ও সুপার ফাস্ট ট্রেন বাতিল ও কিছু ট্রেনকে ঘুরপথে চালানো হবে।

আপ ও ডাউনে যেসব এক্সপ্রেস ট্রেন ঐ সময়ের জন্য বাতিল করা হয়েছে তার মধ্যে রয়েছে- শান্তিনিকেতন, কবিগুরু, শহীদ, শিয়ালদা-আসানসোল ইন্টারসিটি, শিয়ালদা-রামপুরহাট মা তারা প্রভৃতি।

এর পাশাপাশি, কিছু EMU লোকাল'ও বাতিল থাকবে বলে পূর্ব রেলের  
মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র আকাশবাণীকে জানিয়েছেন-

(বাইট- ট্রেন ৭.৩৫ )

\*\*\*\*\*

বাংলা, অনূর্ধ্ব-২৩ সি কে নাইডু ট্রফি ক্রিকেটে, বিদর্ভকে ৩৬ রানে  
হারিয়ে দিয়েছে। নাগপুরে চারদিনের ম্যাচের গতকাল শেষ দিনে বিদর্ভ  
দ্বিতীয় ইনিংসে, ১৪৩ রানে অলআউট হয়ে যায়। বাংলার রাত্তি প্রসাদ  
সাতটি উইকেট নেন।

বাংলা চার ম্যাচে ৩৬ পয়েন্ট সংগ্রহ করলো।

খেলার সংক্ষিপ্ত স্কোর - বাংলা -৩৩৩ ও ৭৩, বিদর্ভ -২২৭ ও ১৪৩ রান।

\*\*\*\*\*